

শৈক কী ও কেন?

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় পরিচ্ছেদ রচয়িতা/সঙ্কলকঃ ড. মুহাম্মদ মুয্যাম্মিল আলী

আখেরাতে রাসূল-সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর শাফা'আতের সংখ্যা

আখেরাতে রাসূলুল্লাহ-সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কতবার শাফা'আত করবেন, এ-নিয়ে মুসলিম মনীষীদের মাঝে মতবিরোধ রয়েছে। ইবন আবিল ইয্য আল-হানাফীর (রহ.) মতে রাসূলুল্লাহ-সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-মোট আটবার শাফা'আত করবেন।[1] ইমাম নববী (রহ.) এর মতে মোট পাঁচবার[2] এবং 'তাইসীরুল আযীযিল হামীদ' এর গ্রন্থকার মোট ছয়বারের কথা বলেছেন।[3] তাঁরা সংখ্যা বর্ণনার ক্ষেত্রে মতবিরোধের পাশাপাশি উভয় পর্যায়ের শাফা'আতকে একত্রিত করে বর্ণনা করেছেন। কতটি হাশরের ময়দানে এবং কতটি পরে হবে, তা ভিন্নভাবে উল্লেখ করেনি। ফলে এ বিষয়ে যাদের গভীর জ্ঞান থাকবে না, তারা তা অধ্যয়ন করলে এ-কথা ভাবতে পারেন যে, রাসূলুল্লাহ-সাল্লাল্লাহ্থ আলাইহি ওয়াসাল্লাম-বোধ হয় হাশরের ময়দানে তাঁর শাফা'আতের মাধ্যমে সকল অপরাধীদেরকে মুক্ত করে নেবেন। ফলে মুশরিক নয় এমন সকল অপরাধী মু'মিনরাই জাহান্নামে প্রবেশের হাত থেকে রক্ষা পেয়ে যাবে। অনুরূপভাবে তাদের আরো মনে হবে যে, মু'মিনগণ তাঁদের ভক্তদের জন্য রাসূলুল্লাহ-সাল্লাল্লাহ্থ আলাইহি ওয়াসাল্লাম-এর মতই হাশরের ময়দানে শাফা'আত করবেন। অথচ এ ধারণা যে আবু সাঈদ খুদরী রাদিয়াল্লাহ্থ আনহু এবং আনাস রাদিয়াল্লাহ্থ আনহুর হাদীসদ্বয়ের পরিপন্থী, তা সে হাদীস অধ্যয়ন করলে যে কেউই বুরতে পারবে।

ফুটনোট

- [1]. তদেব।
- [2]. ইমাম নববী, শরহু সহীহ মুসলিম; (স্থান বিহীন: ১ম সংস্করণ, ১৯২৯ খ্রি.), ১/৩/৩৫।
- [3]. শেখ সুলাইমান ইবনে আব্দিল্লাহ, প্রাগুক্ত; পূ. ২৯৪-২৯৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12621

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন